গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

বিষয়ঃ মহান বিজয় দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের যান্ত্রিক বহর প্রেরণের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি।
সভার তারিখ	ঃ ১৩/১০/২০১৬ খ্রিঃ।
সভার সময়	ঃ বেলা ১২.০০ টা।
সভার স্থান	ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর যুগ্ম সচিব (প্রশাসন) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত বিবেচ্য পত্র পাঠ করেন। পত্রে মহান বিজয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষে তেজগাঁও পুরাতন বিমানবন্দরস্থ জাতীয় প্যারেড স্কয়ারে সম্মিলিত বাহিনীর কুচকাওয়াজ অনুষ্ঠানে মন্ত্রণালয় ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের প্রতীক সম্বলিত যান্ত্রিক বহর প্রদর্শণীতে অংশগ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে আমন্ত্রণ জানানো হয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচনা	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	<u>অনুষ্ঠানঃ</u> মহান জাতীয় দিবস ২০১৬ উদযাপন উপলক্ষে আগামী ৩০ নভেম্বর ২০১৬ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের যানবাহন সকল জনবলসহ প্যারেড গ্রাউন্ডে উপস্থিত থাকবে। এ সংক্রান্ত সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) উপসচিব(প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২), সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১)
০২.	<u>ট্রাক সংগ্রহঃ</u> যান্ত্রিক বহরে এ মন্ত্রণালয়ের পক্ষে সুসজ্জিত একটি ট্রাক প্রেরণ করতে হবে। ট্রাক এর আকার বড় হতে হবে। ট্রাক চালক, হেলপার এবং সংরক্ষিত চালকের নাম, ঠিকানা ইত্যাদি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করে নিরাপত্তা পাস নিতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের ভেন্ডর হিসেবে কর্মরত জনাব মশিউর রহমান-কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসচিব(প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২)
০৩.	<u>ট্রাক সজ্জিতকরণঃ</u> যান্ত্রিক বহরে ডিসপ্লেতে প্রদর্শণীর জন্য সুসজ্জিত ট্রাকটিতে সরকারের গত বছরের সাফল্য চিত্রসহ এ মন্ত্রণালয়ের কার্যক্রম আকর্ষণীয়ভাবে উপস্থাপনের জন্য বিভিন্ন পোষ্টার, ব্যানার, ফেস্টুন ট্রাকে সংযোজন করতে হবে।	অতিরিক্ত সচিব (উন্নয়ন), উপসচিব (প্রশাসন-১), উপসচিব (উন্নয়ন)
০৪.	<u>ধারা বর্ণনাঃ</u> যান্ত্রিক বহর প্রদর্শণীর বাংলা ও ইংরেজিতে লিখিত ধারা বর্ণনা তৈরি করে আগামী ১০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে ৯ পদাতিক ডিভিশন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উপসচিব (প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২), সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১)
০৫.	<u>সুসজ্জিত ট্রাকে পারফরমারদের উপস্থিতিঃ</u> সুসজ্জিত ট্রাকে পার্বত্য এলাকার সংস্কৃতি ও ঐতিহ্যসহ মন্ত্রণালয়ের কার্যক্রম আকর্ষণীয়ভাবে উপস্থাপনের জন্য ৫/৭ জনের একটি পারফরমার দল থাকবে। গত বছর এ কার্যক্রমে অংশগ্রহণকারী পারফরমারদের এবারও আমন্ত্রণ জানানো হবে। সুসজ্জিত যানবাহনটি চূড়ান্ত কুচকাওয়াজের জন্য অবশ্যই ১৩ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে ৯ম পদাতিক ডিভিশন এর নিকট হস্তান্তর করতে হবে।	উপসচিব (প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২), সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১)

০৬.	নিরাপত্তা পাস সংগ্রহঃ যান্ত্রিক বহরে অংশগ্রহণকারী ট্রাকে ড্রাইভার, সংরক্ষিত চালক, হেলপার, পারফরমার, সহায়তাকারীসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত বাংলাদেশ পুলিশ বিশেষ শাখা থেকে এসবি পাস সংগ্রহ করতে হবে। এসবি পাস সংগ্রহের জন্য এ অনুষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকলকে স্ট্যাম্প সাইজের ছবি প্রদান করতে হবে।	উপসচিব(প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২), সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১)
০৭.	প্যারেড গ্রাউন্ডে উপস্থিতিঃ যান্ত্রিক বহরে অংশগ্রহণকারী যানবাহন, চালক এবং সংরক্ষিত চালক আগামী ৩০ নভেম্বর ২০১৬ তারিখে প্যারেড গ্রাউন্ডে উপস্থিত থাকবেন।	অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুগ্ম সচিব (উন্নয়ন), উপসচিব (সমন্বয়-২), উপসচিব (প্রশাসন-১)
০৮.	ফোকাল পয়েন্ট নির্ধারণঃ যান্ত্রিক বহরে এ মন্ত্রণালয়ের ট্রাক প্রদর্শনীর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত এ মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করতে হবে। ফোকাল পয়েন্টদ্বয় হিসেবে উপসচিব (প্রশাসন-১) ও উপসচিব (সমন্বয়-২) দায়িত্ব পালন করবেন এবং এ সংক্রান্ত পত্র প্রস্তুতপূর্বক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	যুগ্ম সচিব (প্রশাসন) উপসচিব (প্রশাসন-১), উপসচিব (সমন্বয়-২)
০৯.	আর্থিক ব্যয়ঃ এ অনুষ্ঠানের যাবতীয় ব্যয়ভার এ মন্ত্রণালয়ের নিজস্ব তহবিল হতে বহন করতে হবে। এ বিষয়ে উন্নয়ন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	যুগ্ম সচিব (উন্নয়ন) উপপ্রধান (পরিকল্পনা)

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/১০/২০১৬
(নব বিক্রম কিশোর ত্রিপুরা এনডিসি)
সচিব

নং-২৯.০০.০০০০.২১৩.২৩.০৩৭.১৫-৩৩৭৯ তারিখ ঃ ২০/১০/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৫। উপসচিব (সকল)/উপপ্রধান, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৮। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। আইসিটি স্পেশালিস্ট/সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
১৩। অফিস কপি।

২০/১০
(সুবিনয় ভট্টাচার্য্য)
উপসচিব
ফোন: ৯৫৭৬৬৪৩

D:\Mustaq\Different Festival\Independence Day (16 December)\Forward of Minutes.doc